


প্রকাশ : ৫ সেপ্টেম্বর, ২০১৭ ১০:৪১
আপডেট : ৫ সেপ্টেম্বর, ২০১৭ ১১:১৪

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

আনিসুল হকের দায়িত্বে প্যানেল মেয়র

| অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের অনুপস্থিতিতে মেয়র হিসেবে দায়িত্ব পালনের জন্য মেয়র প্যানেল ঠিক করে দিয়েছে সরকার। সোমবার স্থানীয় সরকার মন্ত্রণালয় তিন জনের মেয়র প্যানেল মনোনীত করে এক প্রজ্ঞাপন জারি করেছে। খবর বিডি নিউজের।

জ্যেষ্ঠতার ক্রমানুসারে এরা হলেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মো.

ওসমান গণি, ৪ ওয়ার্ডের কাউন্সিলর মো. জামাল মোস্তফা এবং ৩১, ৩২ ও ৩৪ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত নারী কাউন্সিলর আলেয়া সারোয়ার ডেইজী।

গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবারে আনিসুল হক লন্ডন যান। ১৪ আগস্ট তার দেশে ফেরার কথা ছিল। লন্ডনে সেরিব্রাল ভাসকুলাইটিসে (মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ) আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়লে তাকে হাসপাতালে ভর্তি করানো হয়। আনিসুল হক কী ধরনের সেরিব্রাল ভাসকুলাইটিসে ভুগছেন তা শনাক্ত করতে চিকিৎসকরা আরও কিছু পরীক্ষা-নিরীক্ষা করছেন।

স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন অনুযায়ী, কোনো কারণে মেয়র দায়িত্ব পালনে অসমর্থ হলে কাউন্সিলরদের মধ্যে জ্যেষ্ঠতা অনুসারে মেয়রের প্যানেলের কোনো সদস্য তার সব দায়িত্ব পালন করবেন।

বিডি প্রতিদিন/৫ সেপ্টেম্বর, ২০১৭/ফারজানা